



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ০১ সেপ্টেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

দীঘিনালায় তিন ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের পর হত্যার প্রতিবাদে

## বিভিন্ন উপজেলায় ইউপিডিএফের বিক্ষোভ

গত ২৬ আগস্ট খাগড়াছড়ির দীঘিনালায় গ্রেফতারের পর তিন ইউপিডিএফ সদস্য নবীন জ্যোতি চাকমা, ভুজেন্দ্র চাকমা ও রুচিল চাকমাকে কথিক বন্দুকযুদ্ধের নাটক সাজিয়ে ঠাণ্ডা মাথায় গুলি করে হত্যার প্রতিবাদে ও এ হত্যাকাণ্ডের বিচার দাবিতে আজ ১ সেপ্টেম্বর ২০১৯, রবিবার ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর স্থানীয় ইউনিটসমূহের উদ্যোগে খাগড়াছড়ি ও রাঙামাটির বিভিন্ন উপজেলায় পৃথক পৃথকভাবে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

যেসব উপজেলায় বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়- খাগড়াছড়ি জেলার পানছড়ি, মহালছড়ি, রামগড়, মানিকছড়ি, মাটিরাংগা, লক্ষ্মীছড়ি ও রাঙামাটির বাঘাইছড়ি উপজেলা সদর ও সাজেক।

**পানছড়ি :** দীঘিনালায় ইউপিডিএফ'র তিন সদস্যকে গ্রেফতারের পর বিহারবহির্ভূতভাবে গুলি করে হত্যার প্রতিবাদে ও এ হত্যাকাণ্ডের বিচার দাবিতে আজ রবিবার (১ সেপ্টেম্বর) সকালে পানছড়ি উপজেলার রাঙাপানি ছড়া ও ধুকছড়া এলাকায় পৃথক পৃথকভাবে বিক্ষোভ সমাবেশ করে ইউপিডিএফ'র পানছড়ি উপজেলা ইউনিট।

রাঙাপানি ছড়া এলাকায় অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ইউপিডিএফ-এর পানছড়ি ইউনিটের সংগঠক নিকোলাস চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের পানছড়ি উপজেলা সভাপতি কৃপায়ন চাকমা ও নীতিদত্ত চাকমা প্রমুখ।

অপরদিকে ধুকছড়া এলাকায় অনুষ্ঠিত সমাবেশে ইউপিডিএফের সংগঠক সাইক্লোন চাকমার সভাপতিত্বে ও রডং চাকমার সঞ্চালনায় বক্তব্য রাখেন গণতান্ত্রিক যুব ফোরামের পানছড়ি উপজেলা কমিটির সাংগঠনিক সম্পাদক এস. মঙ্গল চাকমা ও বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদ থানা আস্থায়ক কমিটির সদস্য সুনীল চাকমা।

পৃথকভাবে অনুষ্ঠিত সমাবেশে বক্তারা দীঘিনালায় তিন ইউপিডিএফ সদস্যকে গ্রেফতারের পর হত্যার ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, পার্বত্য চট্টগ্রামে অধিকার আদায়ের ন্যায়সঙ্গত আন্দোলনকে দমিয়ে রাখতে রাজনৈতিক নিপীড়নের অংশ হিসেবে কথিক বন্দুকযুদ্ধের নাটক সাজিয়ে ইউপিডিএফ-এর নেতা-কর্মীদের হত্যা করা হচ্ছে।

বক্তারা অবিলম্বে উক্ত হত্যার ঘটনা সূষ্ঠ ও নিরপেক্ষ তদন্তপূর্বক হত্যাকারীদের শাস্তি ও বিচারবহির্ভূত হত্যাসহ পার্বত্য চট্টগ্রামে সকল ধরনের নিপীড়ন-নির্যাতন বন্ধের দাবি জানান।

**রামগড় :** দীঘিনালায় তিন ইউপিডিএফ কর্মীকে গ্রেফতারের পর গুলি করে হত্যার প্রতিবাদে ইউপিডিএফ-এর রামগড় ইউনিটের উদ্যোগে আজ সকাল ৯টায় রামগড় সদর এলাকায় অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ইউপিডিএফের রামগড় ইউনিটের সংগঠক লালন চাকমা।

তিনি বলেন, নেতা-কর্মীদের হত্যা করে, নিপীড়ন-নির্যাতন চালিয়ে জনগণের ন্যায়সঙ্গত আন্দোলনকে কিছুতেই দমিয়ে রাখা যাবে না। সরকার যদি বলপ্রয়োগ করে ন্যায়সঙ্গত আন্দোলন দমনের চেষ্টা করে তাহলে সকল পরিস্থিতির জন্য সরকারকেই দায়ি থাকতে হবে বলে তিনি মন্তব্য করেন।

তিনি অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য জনগণের প্রতি আহ্বান জানান।

**মানিকছড়ি :** একই ঘটনার প্রতিবাদে মানিকছড়িতেও ইউপিডিএফ-এর স্থানীয় ইউনিটের উদ্যোগে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল ৯টায় মানিকছড়ি সদর এলাকায় অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ইউপিডিএফ সংগঠক এডিশন চাকমা ও পিসিপি'র মানিকছড়ি থানা শাখার সহ সাধারণ সম্পাদক ডেবিট চাকমা। সমাবেশে সঞ্চালনা করেন পিসিপি মানিকছড়ি থানা শাখার সদস্য লাক্যচিং মারমা।

বক্তরা দীঘিনালায় তিন ইউপিডিএফ কর্মীকে ধ্রুেফতারের পর বিচার বহির্ভূত হত্যার বিচার দাবি করে বলেন, পার্বত্য চট্টগ্রামে অধিকার আদায়ের আন্দোলন যাতে গড়ে উঠতে না পারে সেজন্য একের পর এক নেতা-কর্মীদের হত্যা করা হচ্ছে। তারা আরো বলেন, হত্যা, নিপীড়ন করে পার্বত্য চট্টগ্রাম সমস্যার সমাধান হবে না। পার্বত্য চট্টগ্রামে প্রকৃত শান্তি স্থাপনের জন্য রাজনৈতিকভাবেই এর সমাধান করতে হবে।

**সাজেক :** রাঙামাটি জেলার সাজেক দীঘিনালায় তিন ইউপিডিএফ সদস্যকে ধ্রুেফতারের পর গুলি করে হত্যার প্রতিবাদে ইউপিডিএফ-এর সাজেক ইউনিটের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার দুপুর ১২টায় অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ইউপিডিএফ-এর সাজেক ইউনিটের সংগঠক রুপম চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের সাজেক শাখার সাধারণ সম্পাদক কালো বরণ চাকমা ও পিসিপি সাজেক শাখার সভাপতি রুপায়ন চাকমা।

বক্তরা বলেন, গত ২৩ আগস্ট ইউপিডিএফের সাবেক কর্মী সুমন চাকমাকে লাদুমনি বাজারের দোকান থেকে ধরে নিয়ে কথিত বন্দুকযুদ্ধের নামে গুলি করে হত্যার তিনদিন পরই দীঘিনালায় আবারো তিন ইউপিডিএফ সদস্যকে একই কায়দায় বিচার বহির্ভূতভাবে হত্যা করা হয়েছে।

বক্তরা এই হত্যাকাণ্ডকে বর্বর আখ্যায়িত করে এর তীব্র নিন্দা জানান এবং হত্যাকারীদের বিচার ও বন্দ করে দেওয়া লাদুমনি বাজার খুলে দেয়ার দাবি জানান।

এছাড়া খাগড়াছড়ি জেলার মহালছড়ি, মাটিরাংগা, গুইমারা, লক্ষ্মীছড়ি এবং রাঙামাটির বাঘাইছড়ি উপজেলা সদর এলাকায়ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।